



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



103656

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১০৩৬৫৬১/চাঁদপুর-১১৭/১০৮৮৩/২

তারিখঃ ০৯.০৭.২০২০খ্রি.

বিষয় : চলমান ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র: উপজেলা নির্বাহী অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর এর স্মারক নং-০৫.২০.১৩৪৫.০০০.০৫.০০১.১৯-১০৭৭; তারিখ: ০৩.০১.২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন লোহাগড় খন্দকার আতাউর রহমান বালিকা দাখিল মাদ্রাসার সুপারের বিরুদ্ধে জনৈক মো: সেলিম পাটওয়ারী একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুরকে পত্র দেয়া হলে তিনি সূত্রোক্ত স্মারকে তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদনে দেখা যায়, সভাপতি মনোনয়ন নিয়ে কমিটির মধ্যে বিভেদ সৃষ্টি হওয়ায় সভাপতি নির্বাচন করা যাচ্ছে না। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা এডহক কমিটি গঠনের জন্য সুপারিশ করেছেন।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে নং-বামাশিবো/প্রশা/২২১১৮১০৩৬৫৬১/১০৩৬০/নথি নং-১১৭; তারিখ: ২৬/০৯/২০১৮ খ্রি. স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

সুপার

লোহাগড় খন্দকার আতাউর রহমান বালিকা দাখিল মাদ্রাসা

পো: চান্দ্রা, ফরিদগঞ্জ, চাঁদপুর।




নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১০৩৬৫৬১/চাঁদপুর-১১৭/১০৮৮৩/২

তারিখঃ ০৯.০৭.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক, চাঁদপুর;
২. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর;
৫. সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, লোহাগড় খন্দকার আতাউর রহমান বালিকা দাখিল মাদ্রাসা, ফরিদগঞ্জ, চাঁদপুর;
৬. অভিযোগকারী মো: সেলিম পাটওয়ারী, ডাকঘর: চান্দ্রা, ফরিদগঞ্জ, চাঁদপুর;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।



(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪

